

রাজস্বের প্রবৃদ্ধি

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর  
রাজস্ব ভবন (৯ম ও ১০ম তলা)  
প্লট-এফ১/এ, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

টেকসই সমৃদ্ধি

নথি নং- ২/এলটিইউ-মুসক/জনপ্রশাঃ/২৬(১)/দাপ্তরিক আদেশ/২০২৪/১৩৬৪/১

তারিখঃ ১৯/০৯/২০২৪ খ্রি.

বিষয়: পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিশোল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।

সূত্র (১): মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫, তারিখ: ০৫/০৯/২০২৪ খ্রি.।


(২): জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং: ০৮.০১.০০০০.০১১.০৯.০০১.১১.৫৫৮, তারিখ: ১৮/০৯/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হয়ে দাঁড়িয়েছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিশোল ইউজ প্লাস্টিক এর পরিবর্তে নিম্নোক্ত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার করার জন্য সূত্রীয় পত্রের মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছে:

- ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
- খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
- গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
- ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
- ঙ) দাওয়াত পত্র, ডিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
- চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
- ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
- জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;
- ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা এবং
- ঞ) ফুলের তোড়াতে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

৩। এমতাবস্থায়, এ দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে উপর্যুক্ত নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলো। পরিবেশ সুরক্ষায় আপনাদের সচেতন সমর্থন একান্তভাবে কাম্য।

  
আব্দুল রশীদ মিয়া  
অতিরিক্ত কমিশনার  
কমিশনারের পক্ষে

নথি নং- ২/এলটিইউ-মুসক/জনপ্রশাঃ/২৬(১)/দাপ্তরিক আদেশ/২০২৪/১৩৬৪/১(১-১) তারিখঃ ১৯/০৯/২০২৪ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে-

- ১। অতিরিক্ত কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা।
- ২। যুগ্ম কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা।
- ৩। উপ কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা।